

## 113725 - চোখের পাপড়িতে মাশকারা ব্যবহার করা যা পানি পৌঁছাকে বাধাগ্রস্ত করে

### প্রশ্ন

আমরা একদল নারী যিনি তার চোখের পাপড়িতে মাশকারা দেন তার ওয়ুর ব্যাপারে জানতে আগ্রহী। মাশকারা চোখের পাপড়িতে ব্যবহারযোগ্য এক ধরণের রঙ; যা রূপচর্চা হিসেবে ব্যবহার করা হয়; যা চোখের পাপড়িকে সুন্দর আকৃতি দেয় এবং কখনও ঘন করে। এই মাশকারাগুলোর মধ্যে কোন কোনটিতে পানি প্রবেশ করে। আর কোন কোনটিতে পানি প্রবেশ করে না; যেটাকে ইংরেজীতে বলে: waterproof। আমরা জানি যে, ওয়ুর পানি চোখের পাপড়িতে পৌঁছতে হবে। তাই এই অবস্থায় ওয়ুর হুকুম কি হবে?

### প্রিয় উত্তর

ওয়ু ও গোসলের ক্ষেত্রে চোখের পশম বা পাপড়িতে পানি পৌঁছা ওয়াজিব। যেহেতু এটি চেহারার গণ্ডিতে রয়েছে; যা ধৌত করার আদেশ এসেছে। অনুরূপভাবে চোখের জ্ব, গালের পশম, মোচ ও দাড়ি ধৌত করতেও আদিষ্ট।

‘আর-রওদুল মুরবি’ গ্রন্থে বলেন: “চেহারাতে বিদ্যমান হালকা চুল যার নীচ দিয়ে চামড়া দেখা যায় তা ধৌত করবে। যেমন: চোখের পশম, মোচ ও নিম দাড়ি। কেননা সেগুলো চেহারার অন্তর্ভুক্ত।”[সংক্ষেপিত ও পরিমার্জিতভাবে সমাপ্ত]

দেখুন: “আল-মাজমু” (১/৩৭৬), “মাওয়াহিবুল জালিল” (১/১৮৫)

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে: যদি মাশকারার কালার পশমে পানি পৌঁছাকে বাধাগ্রস্ত না করে তাহলে ওয়ু শুদ্ধ। আর যদি পানি পৌঁছাকে বাধাগ্রস্ত করে তাহলে ওয়ু ও গোসল করার আগে মাশকারার কালার অপসারণ করা ওয়াজিব। কেননা ওয়ু-গোসল শুদ্ধ হওয়ার জন্য শর্ত হলো যা কিছু ওয়ুর অঙ্গে পানি পৌঁছাকে বাধাগ্রস্ত করে সেটাকে অপসারণ করা।

ইমাম নববী “আল-মাজমু” গ্রন্থে (১/৪৯২) বলেন: “যদি কোন অঙ্গের কোন অংশে মোম, আঠা কিংবা মেহেদি এ জাতীয় কিছু লেগে থাকে; যা অঙ্গটির কিছু অংশে পানি পৌঁছাকে বাধাগ্রস্ত করে তার পবিত্রতা অর্জন সহিহ হবে না; চাই সেটি পরিমাণে বেশি হোক কিংবা কম হোক।”[সমাপ্ত]

আল্লাহই সর্বজ্ঞ।